দৈনিক ইনকিলাব

তারিখ 09 ... পৃষ্ঠা ...

১৪৯

## উপজেলা পরিক্রমা

# টেকনাফ

"টেকনাফ থেকে তেঁতুলিয়া"। শ্লোগানটি দেশের আবাল-বৃদ্ধ-বণিতার কাছে পরিচিত। নাফ নদীর তীর ঘেঁষা দক্ষিণ পশ্চিমে বঙ্গোপসাগর আর উত্তরে উখিয়া, উপজেলার সীমান্ত নিয়ে টেকনাফ উপজেলা পরিবেষ্টিত। বিশাল বঙ্গোপসাগরের বিস্তৃত সৈকত, সু-উচ্চ পাহাড়ের টিলা, সবুজ বন-রাজী নাফ নদীর নীল পানি, শিকারীদের স্যুটিং স্পট এবং পর্যটনের বিপুল সম্ভাবনা নিয়েই দেশের সর্বশেষ সীমান্ত এলাকা টেকনাফ। এ উপজেলার লোকসংখ্যা ১,০২,৭১০, আয়তন ১৪৭ বর্গমাইল। ইউনিয়ন ৬টি।

**যোগাযোগ**

যোগাযোগ ক্ষেত্রে টেকনাফ উপজেলায় ৩টি ইউনিয়নের সাথে যোগাযোগ অনুন্নত। সেন্ট মার্টিন— টেকনাফের সাথে যোগাযোগ রক্ষাকারী লঞ্চ ও ইঞ্জিন চালিত বোট ঘাটটিতে যাত্রী ছাউনি নেই। সাবরাং ও বাহারছড়া ৪/৫টি ছোট ধরনের জীপ চলাচল রয়েছে। তাও অনিয়মিত বলেলেই চলে। বর্ষা মৌসুমে যোগাযোগকারী রাস্তাগুলো পানিতে ডুবে থাকে।

**স্বাস্থ্য**

টেকনাফ উপজেলার ১টি হাসপাতাল ও দাতব্য চিকিৎসালয় রয়েছে। উপজেলা সদরের নতুন হাসপাতালটির অবস্থা অত্যন্ত করুণ। ওষুধের অভাবে জটিল রোগীর চিকিৎসা করা সম্ভব হচ্ছে না।

**শিক্ষা**

টেকনাফ উপজেলায় শতকরা ১৯% জন শিক্ষিত। এই উপজেলায় ৪০টি সরকারী প্রাথমিক বিদ্যালয়, ২টি জুনিয়র বিদ্যালয়, ৩টি মাধ্যমিক বিদ্যালয়, ১টি বালিকা বিদ্যালয়, বেসরকারী প্রাথমিক বিদ্যালয় ২টি, দাখিল মাদ্রাসা ২টি ও ফাজিল মাদ্রাসা ১টি রয়েছে।

**হাট-বাজার**

টেকনাফ উপজেলার উত্তর-পূর্ব প্রান্তে হ্নীলা প্রসিদ্ধ বাজার। কতিপয় প্রভাবশালী লোকের ব্যক্তিগত স্বার্থে সাবেক হ্নীলা বাজারের রক্ষিত কাঁচা বাজারটি রাস্তা সংলগ্ন বসানোর ফলে নানা জটিলতা দেখা দিয়েছে।